

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম

নিলাম দরপত্র নং-০১/২০২২-২৩

তারিখ : /১১/২০২২ খ্রি.  
22 NOV 2022


বিষয় : ২ (দুই) টি পেট্রোল বোট নিলাম দরপত্র বিক্রয়।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫/০৭/২০২২ খ্রি. তারিখের যানবাহন ও অফিস সরঞ্জামাদি একেজো ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত মোতাবেক কাস্টম হাউস, চট্টগ্রামের নিম্নবর্ণিত পেট্রোল বোটসমূহ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	নৌযানের নাম	রেজিস্ট্রেশন নম্বর	প্রিন্সিপাল ডায়ম্যানশন	তৈরীর সাল ও প্রস্তুতকারীর নাম	যে স্থানে আছে
(১)	পিবি সফেন	সি-১০৩১ ও ৩০ অব ১৯৯৩ চিটাগং	দৈর্ঘ্য-২৯.৮৬ মিঃ, প্রস্থ- ৬ মিঃ, ড্রাফট- ২.৯ মিঃ।	তৈরীর সাল: ১৯৮৫ খ্রিঃ তৈরী দেশ : বাংলাদেশ (ডক ইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, সোনাকান্দা, নারায়নগঞ্জ)।	চট্টগ্রাম বন্দর ওয়ার্কসপ, জেটির পার্শ্ব চরায়, চট্টগ্রাম।
(২)	পিবি সমীক্ষা	সি- ১০৩২ ও ৩১ অব ১৯৯৩ চিটাগং	দৈর্ঘ্য-২৯.৮৬ মিঃ, প্রস্থ- ৬ মিঃ, ড্রাফট- ২.৯ মিঃ।	তৈরীর সাল: ১৯৮৫ খ্রিঃ তৈরী দেশ : বাংলাদেশ (ডক ইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, সোনাকান্দা, নারায়নগঞ্জ)।	চট্টগ্রাম বন্দর ওয়ার্কসপ, জেটি, চট্টগ্রাম।

শর্তাবলী :

- দরপত্র সমূহ আগামী ১২/১২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাঞ্ছা ফেলতে হবে এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) তা খোলা হবে।
- দরপত্র দাখিলের বেলায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে এবং ব্যক্তিগত পর্যায়ে সাদা কাগজে কোটেশন দাতার নাম ও পূর্ণ ঠিকানা (স্থায়ী ও বর্তমান) টেলিফোন/মোবাইল নম্বরসহ উল্লেখ করতে হবে। এছাড়া, ব্যক্তিগত পর্যায়ে জাতীয় পরিচয় পত্রের ফটোকপিও দাখিল করতে হবে।
- টেন্ডার সেল এর ক্যাটালগ ও দরপত্র আগামী ২৩/১১/২০২২ খ্রিঃ হতে ১১/১২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্যাটালগ ও দরপত্র মূল্য (প্রতি সেট যথাক্রমে দুইশত টাকা ও একশত টাকা) কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম-এর অনুকূলে সোনালী ব্যাংক এর কাস্টম হাউস, চট্টগ্রাম শাখার বিবিধ কোড ১-১১৩১-০০১০-০৪২১-এ ট্রেজারী চালানোর মাধ্যমে পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। এছাড়া, দরপত্রে উল্লিখিত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) হারে জামানত হিসাবে (ফেরতযোগ্য) কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে। দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সম্পূর্ণ টাকা এক সাথে ট্রেজারী চালানোর মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখা, চট্টগ্রামে জমা দিয়ে ডেলিভারী নিতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র জামানত কমিশনার অব কাস্টমসের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। জামানত ব্যতিত যে কোন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, বিধি মোতাবেক মোট দরপত্রের মূল্যের সাথে সরকারী কর (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে হবে।
- নৌযানসমূহের মূল্য অংক ও কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপরোক্ত নৌযানসমূহ বর্ণিত স্থানে দেখা যাবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কমিশনার অব কাস্টমস সংরক্ষণ করেন।

  
(মোঃ জাকির হোসেন)

এডিশনাল কমিশনার অব কাস্টমস  
কমিশনার অব কাস্টমসের পক্ষে।